দৈনিক সংবাদ

তারিখ ... 18 FEB 1990
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 2

26

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক সম্মান প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার প্রশ্ন সম্পর্কে

গত ২৮-১-৯০ ইং তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'ঘ' ইউনিটের স্নাতক সম্মান প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে "ইংরেজী সকলের জন্য বাধ্যতামূলক", বিভাগে ৩ নং প্রশ্নটি ছিল "write five sentences about your favourite T.V Programme"। প্রশ্নটির জন্য নম্বর ছিল ৫ এবং কোন বিকল্প প্রশ্ন ছিল না। এরকম প্রশ্নের উত্তর করার জন্য উত্তর কর্তার নিয়মিত টিভি দেখার অভিজ্ঞতা থাকা দরকার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উক্ত পরীক্ষায় বাংলাদেশের সকল অঞ্চল থেকে নির্ধারিত ফলাফল-লাভকারী উচ্চ-মাধ্যমিক পাস ছাত্রছাত্রীর অংশগ্রহণের সুযোগ ছিল। একথা সর্বজনবিদিত যে, বাংলাদেশের সকল অঞ্চলে এখনও বিদ্যুৎ সরবরাহ করা হয়নি। প্রতিটি বিদ্যুৎহীন অঞ্চলের অধিবাসীদের ব্যাটারী বা জেনারেটরের সাহায্যে টিভি চালাবার আর্থিক ক্ষমতাও নেই। এছাড়া বিদ্যুৎ থাকলেও প্রতিটি উচ্চ মাধ্যমিক পাস ছাত্রছাত্রীর পিতামাতা তাদের সন্তানকে নিয়মিত টিভি প্রোগ্রাম দেখার সুযোগ করে দেবার সৌভাগ্যও অর্জন করেননি। অনেকের তো লেখাপড়ার খরচ চালাতেই "ছেড়ে দে মা কেঁদে বাঁচি"র মত অবস্থা। বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এমন কোন উদ্যোগও এ পর্যন্ত নেয়া হয়নি।

অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উক্ত ভর্তি পরীক্ষায় অংশ নেবার জন্য পূর্ব যোগ্যতার মধ্যে "নিয়মিত টি ভি প্রোগ্রাম দেখার অভিজ্ঞতা"—এরকম কোন শর্তেরও উল্লেখ ছিল না। আবার অন্যান্য যেসব শর্তের উল্লেখ ছিল তার সাথে টি ভি প্রোগ্রাম দেখার অভিজ্ঞতার বিষয়টির কোন কার্যকারণ সম্পর্কও খুঁজে পাওয়া যায় না। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে একথা বলা যায়, যে সব পরীক্ষার্থীর নিয়মিত টিভি দেখার অভিজ্ঞতা নেই অর্থাৎ যারা বিত্তহীন পরিবারের সন্তান তারা উক্ত ৩নং প্রশ্নের উত্তর দেবার সুযোগ থেকে বঞ্চিত হলো, যদিও এই বঞ্চনা তাদের মেধার কারণে নয় বরং শ্রেণীগত অবস্থানের কারণে।

এ অবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক সম্মান ১ম বর্ষের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের ইংরেজী অংশের প্রশ্ন কর্তাদের প্রতি জিজ্ঞাসা উক্ত ৩নং প্রশ্নটি প্রশ্নপত্রে সন্নিবেশ করার পক্ষে তাঁদের ব্যাখ্যা বা যুক্তি কি? মন্দ লোকেরা (?) বলে, বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা নাকি বিত্তবান শ্রেণীর পক্ষে, বিত্তহীনের বিপক্ষে। উক্ত ইংরেজী অংশের প্রশ্ন কর্তাগণ কি এ ব্যবস্থারই প্রতিনিধিত্ব করছেন?

কালী প্রসন্ন দাস, ২নং কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা।